




অফিস আদেশ

এই বিশ্ববিদ্যালয়ে মেডিসিন অনুষদ, সার্জারি অনুষদ, বৈদিক সাইন্স এন্ড প্যারা ক্লিনিক্যাল সাইন্স অনুষদ ও ডেন্টাল অনুষদের Residency Program ও Non- Residency Program এর বিভিন্ন বিষয়ে অধ্যয়নরত সরকারী শিক্ষার্থীদের Phase A ও Part I/Part II উত্তীর্ণের পর পরবর্তী Phase/Part -এ ভর্তি এবং সরকারী চাকরীতে যোগদানের নিমিত্ত প্রাপ্ত ছুটিকালীণ সময়ের মধ্যে সরকারী ছুটির আদেশ নিয়ে স্ব স্ব কোর্সে যোগদানের বিষয়ে মাননীয় ভাইস-চ্যান্সেলর নিম্নরূপ বিধিসমূহ বাস্তবায়নের জন্য অনুমোদন করেছেন।

- (১) Residency Program ও Non- Residency Program -এ প্রেষণাদেশ/শিক্ষা ছুটি ব্যতীত Phase B অথবা Part II/Final Part এ ভর্তি হওয়া যাবে না, তবে-
 - (ক) Residency Program Phase A অথবা Non-Residency Program Part I/Part II উত্তীর্ণ হলে ফলাফল প্রকাশের তারিখ থেকে সর্বোচ্চ ০৬ (ছয়) মাসের মধ্যে Residency Program Phase B অথবা Non- Residency Program Part II/Final Part -এ ভর্তি হতে হবে।
 - (খ) Non- Residency Program Part I উত্তীর্ণের পর ০২ (দুই) বছর ট্রেনিং সমাপনান্তে ০৬ (ছয়) মাসের মধ্যে Part II -তে ভর্তি হতে হবে।
 - (গ) বিশ্ববিদ্যালয়ে বছরে দুই বার (জানুয়ারী ও জুলাই মাসে) Residency Program এর Phase ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষামূহ জানুয়ারী মাসে শুরু হয়ে ২৮ ফেব্রুয়ারীর মধ্যে সকল পরীক্ষা সমাপ্তসহ ফলাফল প্রকাশিত হয়। অনুরূপভাবে জুলাই-তে শুরু হয়ে আগস্টের মধ্যে সমাপ্তসহ ফলাফল প্রকাশিত হয়। পরবর্তী Phase যথাক্রমে ১লা মার্চ ও ১লা সেপ্টেম্বর থেকে শুরু হয় বিধায় সরকারী রেসিডেন্টগণ প্রাথমিকভাবে Phase B -তে Enrollment হতে পারবেন, তবে পরবর্তী ০৬ মাসের মধ্যে অবশ্যই সরকারী ছুটির আদেশ জমা দিতে হবে, অন্যথায় ভর্তি প্রক্রিয়া বাতিল বলে গণ্য হবে। কোর্স শুরু হওয়ার ০৩ মাসের মধ্যে সরকারী ছুটির আদেশ জমা দিলে চলমান Block টি সম্পন্ন করার সুযোগ পাবে। ০৩ মাসের পর ও ০৬ মাসের মধ্যে সরকারী ছুটির আদেশ জমা দিলে চলমান Block টি পুনরায় সম্পন্ন করতে পারবে।
 - (ঘ) Non-Residency Program এর শিক্ষার্থীগণ Part I/Part II পরীক্ষার ফলাফলের পর কৃতকার্য শিক্ষার্থীর যদি সরকারী ছুটির মেয়াদ অবশিষ্ট থাকে সেক্ষেত্রে প্রাথমিকভাবে পরবর্তী Part -এ যোগদানের সুযোগ পাবে। তবে যোগদানের তারিখ থেকে ০৩ (তিন) মাসের মধ্যে সরকারী ছুটির আদেশ জমা দিতে ব্যর্থ হলে প্রাথমিক ভর্তি প্রক্রিয়া বাতিল হয়ে সরকারী ছুটির আদেশ জমা দানের তারিখ থেকে যোগদান কার্যকর বলে গণ্য হবে। তবে পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে সরকারী ছুটির আদেশ জমাদান পূর্বক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- (২) সরকারী চাকরীতে যোগদানের জন্য শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের Residency Program ও Non- Residency Program এর ছুটি বিধি অনুযায়ী সর্বোচ্চ ০৩ (তিন) বছরের ছুটি প্রদান করা হয়। উক্ত ছুটিকালীণ সময়ের মধ্যে সরকারী ছুটির আদেশ জমাদান স্বাপেক্ষে বছরের যেকোনো মাসে (শিক্ষার্থীদের আবেদনকৃত সময় অনুযায়ী) পূরণায় কোর্সে যোগদান গৃহীত হবে।

আদেশক্রমে,

 ২৬/৫/২০১৬

স্বাক্ষরঃ অধ্যাপক এবিএম আব্দুল হান্নান

রেজিস্ট্রার

নং-বিএসএমএমইউ/২০১৬/৫৫৯৩/১(১৪)


তারিখঃ ২৬-০৫-২০১৬ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। ডীন, সকল অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। কোর্স ভাইরেন্টার, সকল অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। অধ্যক্ষ/পরিচালক, অধিত্ত্ব মেডিক্যাল কলেজ, ডেন্টাল কলেজ ও ইনস্টিটিউটসমূহ।
- ৫। চেয়ারম্যান, সকল বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিচালক (পরিদর্শন)/পরিচালক (অর্থ ও হিসাব)/পরিচালক (হাসপাতাল)/ পরিচালক (আইটি সেল)/প্রশাসনিক, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৮। উপ-রেজিস্ট্রার (শিক্ষা), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। একান্ত সচিব, মাননীয় ভাইস-চ্যান্সেলর/প্রো-ভাইস চ্যান্সেলর (গবেষণা ও উন্নয়ন/প্রশাসন/শিক্ষা)/ কোষাধ্যক্ষ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১১। সেকশন অফিসার (শিক্ষা), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১২। প্রক্টর মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১৩। বিশ্ববিদ্যালয় ওয়েব সাইট www.bsmmu.edu.bd
- ১৪। অফিস কপি।

অধ্যাপক এবিএম আব্দুল হান্নান

রেজিস্ট্রার

 ২৬/৫/২০১৬